এটি কোনো কিছু দিয়ে পরিবর্তন করে দাও; তবে কালো রং বর্জন করবে।

জাবির ইবন রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, মক্কা বিজয়ের দিন আবূ বকর রাদিয়াল্লাহু ‘আনহুর পিতা আবূ কুহাফা রাদিয়াল্লাহু ‘আনহুকে নিয়ে আসা হলো। তার চুল ও দাঁড়ি ছিল সাগামার (এক ধরনের সাদা উদ্ভিদের) ন্যায় সাদা। তখন রাসূলুল্লাহ
সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, এটি কোনো কিছু দিয়ে পরিবর্তন করে দাও; তবে কালো রং বর্জন করবে।
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

জাবির ইবন রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, মক্কা বিজয়ের দিন আবূ বকর রাদিয়াল্লাহু ‘আনহুর পিতা আবূ কুহাফা রাদিয়াল্লাহু ‘আনহুকে নিয়ে আসা হলো। তার চুল ও দাঁড়ি ছিল সাগামার (এক ধরনের সাদা উদ্ভিদের) ন্যায় সাদা। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে এ অবস্থায় দেখে বললেন, “এটি কোনো কিছু দিয়ে পরিবর্তন করে দাও; তবে কালো রং বর্জন করবে।” তিনি তাকে সাদা চুল ও দাঁড়ি পরিবর্তন করতে নির্দেশ দিলেন তবে কালো রং বর্জন করতে আদেশ করেছেন। কেননা কালো রং মানে হলো ব্যক্তিকে তার যৌবনে ফিরিয়ে নেওয়া। আর এ ধরনের কাজ হলো আল্লাহর সৃষ্টির স্বাভাবিকতা ও তাঁর চিরন্তন নিয়মকে পরিবর্তন করা। অন্যদিকে অন্য রং যেমন লাল, হলুদ বা মেহেদী ও কাতাম বা মিশ্রিত রং দ্বারা চুল বা দাঁড়ি পরিবর্তন করতে বাধা নেই। কালো রং না হয়ে যদি কালো ও লাল রংয়ের মাঝামাঝি হয় তাতেও কোনো অসুবিধে নেই। কেননা হাদীসে শুধু খাঁটি কালো রং ব্যবহার করতে নিষেধ করা হয়েছে। সহীহ মুসলিমে আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আবূ বকর ও উমার রাদিয়াল্লাহু আনহু মেহেদী ও কাতাম দ্বারা চুল রঙিন করেছিলেন।

http://sunnah.global/hadeeth/bn/show/8909